

## মেমো

তারিখ: বুধবার, 21 ডিসেম্বর, 2018  
প্রাপক: কোরিমিন সিফ, ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)  
প্রেরক: লরেন সিসিলিয়ানো, ডেপুটি চিফ অপারেটিং অফিসার  
প্রসঙ্গ: NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর 2018-2020 পানিতে সীসা পরীক্ষার প্রক্রিয়া

---

স্কুলের পানিতে সীসা পরীক্ষার জন্য (10 NYCRR সাবপার্ট 67-4) নিউ ইয়র্ক স্টেটের প্রবিধান সকল স্কুল বিল্ডিংয়ে সীসা পরীক্ষা ন্যূনতম প্রতি পাঁচ বছরে একবার বাধ্যতামূলক করেছে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) নমুনা সংগ্রহের সময়সূচির জন্য ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর সাথে পরামর্শ করেছে এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ (NYSDOH) কর্তৃক প্রাতিষ্ঠানিকভাবে অনুমোদন লাভ করেছে প্রতি ক্যালেন্ডার বছরে স্কুল বিল্ডিংগুলির এক তৃতীয়াংশের পরীক্ষা গ্রহণের, এবং তা 2018-তে শুরু হয়ে পরবর্তী তিন বছর নাগাদ অর্থাৎ 31 ডিসেম্বর, 2020-এ শেষ হবে। নিচে বর্ণিত স্টেটের প্রবিধানসমূহ মেনে চলতে যেসব পদক্ষেপ নেয়া হবে।

### SY 2016-2017 টেস্টিং চক্রে সংস্কার:

2017-18 স্কুল বছরে, ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ (DSF) যেসব পানির কলে 2016-17 টেস্টিং চক্রে সীসার পরিমাণ 15ppb-এর অধিক দেখা গেছে সেগুলি সংস্কার করেছে। এছাড়া, এই চক্রে যেসব ফিক্সচার অকেজো অথবা নাগালের বাইরে ছিলো সেগুলি মেরামত, পরীক্ষা করা হয়েছে এবং – প্রয়োজন অনুযায়ী - 2017-18 সংস্কারের সময় সংস্কার করা হয়েছে। যেসব ফিক্সচারে এখনও সমস্যা সেগুলির সংস্কার অব্যাহত থাকবে অথবা 2018-2020 টেস্টিং চক্রের সময়সূচি তৈরির আগে ঐ বিল্ডিং থেকে সরিয়ে ফেলা হবে।

### লেবেল প্রদান:

DOE-এর সকল স্কুল বিল্ডিংয়ে, প্রতিটি প্রয়োজ্য পানির পথে অনন্য আঁঠায়ুক্ত লেবেলের মেটাল দ্বারা তৈরি বারকোড লাগানো হবে এবং সেটি সেন্ট্রাল লেড ড্যাটাবেইজে এন্টার করা থাকবে। এটি আগের টেস্টিং রাউন্ডগুলি থেকে ড্যাটা নিশ্চিত করবে যাতে সেগুলি যথাযথভাবে পরবর্তীতে সেন্ট্রাল ড্যাটাবেইজে ক্যাটালগ করা থাকে এবং DOE-কে ফিক্সচার-স্তরে করা সব টেস্টিং ও মেরামতের রেকর্ড রাখার সুবিধা প্রদান করে। ধাতব পদার্থ তৈরি বারকোড দেয়া আঁঠালো লেবেলগুলি কাগজের আঁঠায়ুক্ত লেবেলের পরিবর্তে লাগানো হবে, এবং পানির পথের পাশে দৃশ্যমান জায়গায় স্থাপিত হবে এবং ভবিষ্যতের জন্য সেখানে থাকবে।

### বিল্ডিং বাছাই:

2016-2017-এর টেস্টিং চক্রে সংস্কার সম্পূর্ণ করার পর একবার একটি স্কুল বিল্ডিং নতুনভাবে লেবেল করা হলে, সেটি ঐসব বিল্ডিংয়ের লাইনে থাকবে যেগুলি 2018-2020 টেস্টিং চক্রে করা হবে। বিল্ডিংগুলির এক তৃতীয়াংশ 2018 ক্যালেন্ডার বছর শেষ হবার আগে টেস্ট করা হবে।

উপরের মাপকাঠিগুলি পূরণ হলে, 2018 টেস্টিং চক্রে DOE স্কুল বিল্ডিংগুলির বাছাই নির্ভর করবে ঐসব স্কুলের উপর যেগুলি পরিবর্তনযোগ্য শিক্ষার্থী গোষ্ঠীর (আর্লি চাইল্ডহুড, প্রি-কে, এলিমেন্টারি) জন্য স্থান প্রদান করে এবং সেসব বিল্ডিং যেগুলিতে টেস্টিংয়ের প্রাথমিক রাউন্ডে উচ্চ সংখ্যক বাড়তি রয়েছে (পুরো বিল্ডিংয়ের 20% এবং/অথবা কমপক্ষে 10 আধিক্য রয়েছে)।

## টেস্টিং পদ্ধতি:

### 1. সাইটে প্রবেশে সমন্বয় বিধান

- প্রতি বৃহস্পতিবার দুপুরের পরে নয়, এনভায়রনমেন্টাল কনসালট্যান্টস্ (ECs) ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর অফিস অভ এনভায়রনমেন্টাল হেলথ অ্যান্ড সেফটির (EHS) কাছে পরবর্তী সপ্তাহে যেসব স্কুল টেস্ট করা হবে সেগুলির সময়সূচি (নাম/বিল্ডিং আইডি #, তারিখ এবং সময়) জমা দেবে।
- সূচিভুক্ত নমুনা সংগ্রহের এক সপ্তাহ আগে, কনসালট্যান্ট প্রস্তুতির বিষয়টি নিশ্চিত করতে সাইট পরিদর্শন পরিচালনা করেন – এর অন্তর্ভুক্ত পানি বের হবার পথগুলির সব জায়গা যেন প্রবেশযোগ্য হয়, ৪-১৪ ঘণ্টার জমে থাকার বিষয়টি মেনে চলা এবং স্কুলের কোন সঙ্গী লভ্য থাকবে কিনা সেটি জেনে নেয়া। EHS কাস্টোডিয়াল কর্মীদের যোগাযোগের তথ্য (নাম এবং সেল ফোন নম্বর) EC-গুলিকে প্রদান করবে এবং এই কর্মীগণ পানির নমুনা সংগ্রহের সময় EC প্রতিনিধিদেরকে প্রবেশের সুযোগ এবং সঙ্গদান করবে।

### 2. নমুনা

- প্রস্তুতি শুরু করতে নমুনা সংগ্রহের ১ ঘণ্টা আগে EC-গুলি অন সাইটে কাস্টোডিয়াল কর্মীদের সাথে মিলিত হবে।
- EC প্রতিনিধি (গণ) এবং নির্ধারিত কাস্টোডিয়াল কর্মীবৃন্দ কোন পানির পথ খোলা আছে কিনা অথবা অব্যাহতভাবে সেগুলির কোন ফুটো থেকে পানি বেরিয়ে যাচ্ছে কিনা সেবিষয়টি নিশ্চিত করতে একটি নিরীক্ষা পরিচালনা করবেন। বর্ণিত কোন সমস্যা পাওয়া গেলে, নমুনা সংগ্রহ বাতিল হবে এবং নতুন সংগ্রহের সময়সূচি দেয়া হবে। ফসেটগুলির যেখানে শুধু পানি ফোটা ফোটা পড়ে সেখান থেকে নমুনা সংগ্রহ করা হবে।
- নমুনা সংগ্রহ শুরু হবার আগে EC-গুলি নির্দষ্ট কাস্টোডিয়াল কর্মীদের সাথে নিশ্চিত করবে যে, স্কুল বিল্ডিংয়ের পানি ৪ থেকে ১৪ ঘণ্টা সময় পর্যন্ত নিশ্চল ছিলো। পানির নিশ্চলতা যদি ৪ ঘণ্টার কম অথবা ১৪ ঘণ্টার অধিক হয়, তাহলে নমুনা সংগ্রহ করা হবে না।
- পানির সিস্টেমে কোন পরিবর্তন যেমন ফসেট এয়ারেটর অথবা স্ক্রিন অপসারণ পানির নমুনা সংগ্রহের আগে করা হবে না।
- যেসব পানির কল “আউট অভ স্কাপ” ক্যাটেগরিতে পরে সেগুলি থেকে নমুনা সংগ্রহ করা হবে না – এর মধ্যে আছে:
  - নিরাপদ (তালা দেয়া যায় এমন দরজা) ক্লাসের স্লপ সিঙ্ক ফসেট
  - রাঞ্জাঘরের ছোট সিঙ্ক ফসেট
  - ল্যাবোরেটরি ক্লাসরুমে ফসেট এবং আইস তৈরির যন্ত্রের
  - হোস বিবস্
  - শাওয়ার হেড এবং বাথ টাব স্পাউট
  - আইওয়াশ স্টেশনস্
  - কাসপিডর – “স্পিটন”
  - নিরাপদ বয়লার রুমের পানির কল
  - গরম পানির ফসেট
  - চুল ধোয়ার সিঙ্ক

- f. ঠাণ্ডা পানির ফসেট অথবা নষ্ট হওয়া/মিক্সড ফসেট যদি সেগুলি আয়তের মধ্যে থাকে এবং ফসেট থেকে পানির নমুনা সংগ্রহের একমাত্র উপায় হয়, শুধু তাহলেই নমুনা সংগ্রহ করা হবে।
- g. বিদ্যমান Mc55 স্ক্যানারগুলি ব্যবহার করেও নমুনা সংগ্রহ করা হবে। প্রক্রিয়াটি হবে নিম্নরূপ:
  - i. ডিভাইসটিতে বিল্ডিং বেছে নেয়া হবে
  - ii. নতুন লেবেলিং ফরম্যাট অথবা আগের প্রথাগত লেবেল স্ক্যানিং ব্যবহার করে পানির কল বাছাই করা হবে। স্ক্যানিং অ্যাপ্লিকেশন হয় ফরম্যাট গ্রহণ করবে অথবা কলের ম্যানুয়াল এন্ট্রি।
  - iii. উপরে উল্লিখিত উপায়ে আউটলেট বাছাইয়ের পর, অপারেটর নমুনা বোতলে আগে থেকে প্রিন্ট করা বারকোড স্ক্যান করবে।
  - iv. নমুনা আইডিটি অপারেটর, ডিভাইস আইডি, বিল্ডিং আইডি, ক্যাটালগ আইডি, এবং তারিখ/সময়সহ রেকর্ড করা হবে।
  - v. ডিভাইসটি যথাস্থানে বসাবার পর, ড্যাটাবেজে ড্যাটা আপলোড হয়, এবং ল্যাবে পাঠানোর জন্য উপযুক্ত রিপোর্ট তৈরি করা যায়।
  - vi. অপারেটর চেইন অভ কাস্টোডি সার্টিফাই করতে সরাসরি ডিভাইসে স্বাক্ষর করতে পারেন।
  - vii. আওতার বাইরের নতুন, আগে যা প্রবেশযোগ্য ছিলো না অথবা ডিকমিশনকৃত আউটলেটগুলি এই প্রক্রিয়ার সময় এন্টার করা হতে পারে।
- h. DOE EHS নমুনা আগে থেকে পরিষ্কার-করা, আগে থেকে অ্যাসিডমুক্ত 250ml ধারণ ক্ষমতা সম্পন্ন প্লাস্টিক বোতলে সংগ্রহ করে EC-গুলিকে প্রদান করে।
- i. নমুনা সংগ্রহ শুরু হবে বিল্ডিংয়ে প্রবেশে সবচেয়ে কাছের পানির লাইনের আউটলেট থেকে।
- j. প্রতিটি পানির আউটলেট থেকে একটি নমুনা সংগ্রহ করা হবে। প্রথম সংগ্রহটি নেয়া হবে আউটলেটটি প্রথমবার খোলার পর (প্রথম সংগ্রহের নমুনা)
- k. পানি প্রবাহের হার হবে একটি গ্লাস পূর্ণ করার হারের মতো।
- l. যদি কোন আউটলেটের অবস্থা এমন হয় যা নমুনা গ্রহণে অন্তরায় হয়ে দাঁড়ায়, যেমন পানি চুইয়ে-পড়া আউটলেট, বিবর্ণ পানি, পানির বেগ কম – এসব বিষয় চেইন অভ কাস্টোডি ফর্মে নোট করা হবে।
- m. পানি বিবর্ণ অথবা তার বেগ কম হলেও নমুনা সংগ্রহ করা হবে।

### **ল্যাবোরেটরিতে বিশ্লেষণ এবং ল্যাবোরেটরি ফলাফল রিপোর্ট করা:**

1. EC-গুলি পানির নমুনা NYSDOH ELAP কর্তৃক সার্টিফাইড ল্যাবোরেটরিগুলিতে শীশার পরিমাণ বিশ্লেষণের উদ্দেশ্যে পাঠাবে।
2. EC-গুলি বিশ্লেষণের ফলাফল 7-10 দিন সময়ের মধ্যে ফেরতদানের অনুরোধ জানাবে।
3. EPA-এর বিশ্লেষণী পদ্ধতি 200.8 অথবা 200.9 দ্বারা সকল নমুনার শীশার পরিমাণ বিশ্লেষণ করা হবে।
4. বিশ্লেষণ শেষে ল্যাবোরেটরি EC-গুলিকে ফলাফলের রিপোর্ট নিম্নলিখিত উপায়ে প্রদান করবে:
  - a) ল্যাবোরেটরির বিশ্লেষণের রিপোর্ট
  - b) এক্সেল স্প্রেডশিট হিসেবে ড্যাটা রিপোর্ট
5. EC-এর DSF/EHS-এ রিপোর্ট করা
  - a) ল্যাবোরেটরি বিশ্লেষণী রিপোর্টের সাথে একটি ইমেইল রিপোর্ট হিসেবে এবং এক্সেল স্প্রেডশিট ড্যাটা রিপোর্টের সংযুক্তি হিসেবে ইমেইল রিপোর্টের সাথে ল্যাবোরেটরি সার-সংক্ষেপ ফলাফল।

## **2018-2020 টেস্টিং চক্রের জন্য সংস্কার:**

যেকোন ফিল্টারের জন্য, যেগুলিতে ব্যবস্থা গ্রহণ করার অধিক নমুনার ফলাফল রয়েছে, সেগুলির জন্য নিচের পদ্ধতিতে ব্যবস্থা নিতে হবে:

- পানির ঝর্ণার ধারা তৈরির যন্ত্র: ফিল্টারটি অবশ্যই দ্রুত পৃথকীকরণ এবং ইয়েলো ট্যাগ লাগানো হবে।
- বোতল ভর্তি করার স্টেশন: ফিল্টারটি অবশ্যই দ্রুত পৃথকীকরণ এবং ইয়েলো ট্যাগ লাগানো হবে।
- খাবার তৈরির সিল্ক: ফিল্টারটি অবশ্যই দ্রুত পৃথকীকরণ এবং ইয়েলো ট্যাগ লাগানো হবে।
- ঠাণ্ডা-পানির ফসেট (নার্সের অফিস): ফিল্টারটি অবশ্যই দ্রুত পৃথকীকরণ এবং ইয়েলো ট্যাগ লাগানো হবে।
- LYFE সেন্টারের ঠাণ্ডা-পানির ফসেট: ফিল্টারটি অবশ্যই দ্রুত পৃথকীকরণ এবং ইয়েলো ট্যাগ লাগানো হবে।
- ক্লাসরুমে ঠাণ্ডা পানির/রেস্টরুম ফসেট: “হাত ধোয়ার জন্য শুধু” সাইনযুক্ত ফিল্টার ব্যবহারে থাকতে পারে যদি না ফলাফল ব্যবস্থা গ্রহণের স্তর 15PPB-এর নিচে আসে।
- প্রতি সপ্তাহের বিল্ডিংয়ের পানির সিস্টেম পরিষ্কার করা দিন হলো সোমবার এবং স্কুল বন্ধের সময়ের পরে। সাপ্তাহিক পরিষ্কার পদ্ধতির অন্তর্ভুক্ত: সকল আউটলেট, সব আউট-অভ-স্কোপ আউটলেট এবং যেকোন ইয়েলো ট্যাগযুক্ত আউটলেট অথবা “উন্নত পানি সুরক্ষা পরিকল্পনা” যেমনভাবে বর্ণিত আছে (নিচে দেখুন)।

## **সংস্কার-পরবর্তী প্রণালী:**

- যেকোন পৃথকীকৃত ফিল্টারকে অবশ্যই আলাদা এবং ইয়েলো ট্যাগযুক্ত রাখা হবে যে পর্যন্ত না সংস্কার-পরবর্তী নমুনার ফলাফলে শীশার পরিমাণ ব্যবস্থা গ্রহণের লেভেলের নিচে আসে।
- সংস্কার-পরবর্তী নমুনার সংগ্রহ দুটি বোতলে হবে, নিয়মিত একটি বারের নেয়া নমুনার সাথে একটি 30-সেকেন্ড প্রবাহের নমুনা।

## **সংস্কার প্রণালীর জন্য হালনাগাদকরণ:**

- যেকোন ফিল্টার যেটিতে উচ্চ পরিমাণ রয়েছে, এবং গত পাঁচ (5) বছরে আগে কখনও অপসারিত হয়নি, সেই ফিল্টারটি অপসারিত হবে, এর অন্তর্ভুক্ত তাৎক্ষণিকভাবে দেয়ালের সব পাইপের কাজ।
- যদি কোন ফিল্টার 5 বছরের কম পুরনো হয়, এবং আগে অপসারিত হয়েছে এবং তারপরও তাতে পরিমাণ বেশি রয়েছে, সেক্ষেত্রেও নতুন পরিবর্তনের প্রয়োজনীয়তা নেই। এই পরিস্থিতিতে, যেসব পদক্ষেপ নেয়া হয় তার মধ্যে আছে (পৃথকীকরণ করা ছাড়াও, ইয়েলো ট্যাগ লাগানো অথবা উপযুক্ত হিসেবে স্বাক্ষরকৃত):
  - লক্ষ্যস্বিরকৃত ফিল্টার রক্ষণাবেক্ষণ, যেমন এয়ারেটর/স্ক্রিন পরিবর্তন/পরিষ্কার করা, ইন-লাইন স্ট্রেইনারের (যা পরিষ্কার করতে হয়) ভালভের স্থান ইত্যাদির জন্য সম্পূর্ণ প্লামিং।
  - এইসব পদক্ষেপ গ্রহণের পর, যদি ফিল্টারে পরিমাণ উন্নত থাকে এবং একই অবস্থার আরও কয়েকটি ফিল্টার বিল্ডিংয়ে থাকে, স্কুলটি একটি উন্নত পানি সুরক্ষা পরিকল্পনা তৈরি ও তার বাস্তবায়নে যোগ্য বিবেচিত হবে। এর অন্তর্ভুক্ত প্লামিং ঘাশচিত্র, নমুনার ফলাফলের বিশ্লেষণ এবং স্পেশালাইজড পরিষ্কারকরণ প্রণালীর বিস্তারিত মূল্যায়ন।
- যে ফিল্টারে(সমূহে) পরপর তিনটি টেস্টের পরও অতিরিক্ততা দেখা যায়, সেক্ষেত্রে ঐ ফিল্টারটিকে ডিকমিশন করার (অর্থাৎ অপসারণ করা) কথা বিবেচনা এবং পুনর্মূল্যায়নের বিকল্প ভাবা হয়। এই পদক্ষেপ শুধু ঐসব ফিল্টারের ক্ষেত্রে নেয়া হয় যেগুলি বহনযোগ্য পানির লভ্যতায় অথবা বিল্ডিংয়ের পরিচালনায় ব্যাঘাত ঘটায় না।